# <u>আবেদনের প্রক্রিয়া</u>

১. নতুন সদস্যপদ গ্রহণ কিংবা বিদ্যমান সদস্যপদ/তথ্য হালনাগাদ–উভয় ক্ষেত্রেই ফোরামের ওয়েবসাইট www.govtictofficers.org -এ প্রদত্ত অনলাইন রেজিস্ট্রেশন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আবেদন করতে হবে।

২। অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণ ও আবেদন সম্পন্ন করার পর ফোরামের নির্ধারিত ব্যাংক হিসাবে প্রযোজ্য ফি জমা প্রদান করতে হবে।

**<u>ব্যাংক হিসাবের বিবরণ:</u>**
**হিসাবের নাম:** গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম
**হিসাব নম্বর:** ১৯১.১০১.৯৪০০৪
**ব্যাংক:** ডাচ্-বাংলা ব্যাংক পিএলসি
**শাখা:** বিজয়নগর, ঢাকা

৩। ব্যাংকে ফি জমা প্রদানের প্রমাণক সংযুক্ত করে আবেদনপত্রের **হার্ডকপি** এবং আবেদনপত্রে উল্লিখিত প্রয়োজনীয় সকল সংযুক্তিসহ দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের হার্ডকপি নিম্নোক্ত ঠিকানায় মহাসচিবের দপ্তরে দাখিল করতে হবে:

**মোহাম্মদ আহসান হাবীব সুমন**
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কক্ষ নং- ৮০৫
জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), রাজস্ব ভবন
শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

৪। পুরাতন সদস্য হালনাগাদের ক্ষেত্রে মহাসচিবের হোয়ার্টস এ্যাপ নাম্বারে (০১৬৭৮৭০২৫৮৯) নিজের নাম, পদবি এবং gICT নম্বর উল্লেখ পূর্বক স্থিতি জেনে নেওয়ার জন্য এসএমএস করতে হবে (সকাল ৯:০০ হতে বিকেল ৪:০০ টা পর্যন্ত)। ফিরতি এসএমএস-এ স্থিতি জানিয়ে দেওয়া হবে।

৫। বিদ্যমান/পুরাতন সদস্যদের ক্ষেত্রে সদস্যপদের বর্তমান **স্থিতি যাচাইয়ের জন্য** মহাসচিবের হোয়াটসঅ্যাপ নম্বর **০১৬৭৮৭০২৫৮৯**-এ সকাল **৯:০০টা হতে বিকেল ৪:০০টা** পর্যন্ত নিজের **নাম, পদবি ও gICT নম্বর** উল্লেখ করে মেসেজ করতে পারবেন। পরবর্তীতে ফিরতি মেসেজের মাধ্যমে সংশ্লিষ্ট সদস্যের বর্তমান স্থিতি জানিয়ে দেওয়া হবে।

৬। সদস্যপদ, আবেদন প্রক্রিয়া, ফি, প্রয়োজনীয় কাগজপত্র কিংবা অন্য কোনো বিষয়ে জিজ্ঞাসা থাকলে মহাসচিবের হোয়াটসঅ্যাপ নম্বর **০১৬৭৮৭০২৫৮৯**-এ ওয়ান-টু-ওয়ান যোগাযোগের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

ধন্যবাদন্তে,



মোহাম্মদ আহসান হাবীব সুমন,
সিনিয়র সিস্টেম এনালিস্ট, এনবিআর ও
মহাসচিব
গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম
মোবাইল: ০১৬৭৮৭০২৫৮৯

## সদস্যপদ লাভের নিয়মাবলী (গঠনতন্ত্র অনুযায়ী):

১। সদস্যের শ্রেণী বিন্যাসঃ ফোরামে দুই শ্রেনীর সদস্য থাকিবেন। যথাঃ

(ক) সদস্য ও
(খ) সম্মানিক সদস্য।

২। সদস্য হওয়ার যোগ্যতাঃ

(ক) সদস্যঃ সদস্য পদ লাভের নূন্যতম যোগ্যতা নিম্নরূপঃ

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর ও অন্যান্য সরকারি সংস্থায় "The Computer Personnel (Government and Local Authorities) Recruitement Rules 1985" এবং উহার পরবর্তী সংশোধনী সমূহে উল্লেখিত রাজস্বখাতভূক্ত বিভিন্ন পদের কর্মরত কর্মকর্তাবৃন্দ।
- সরকারি কর্মকমিশন কর্তৃক সুপারিশকৃত বা নিয়মিতকরণ হইতে হইবে।

(খ) সম্মানিক সদস্যঃ সম্মানিক সদস্যপদ লাভের যোগ্যতা নিম্নরূপঃ

- এই ফোরামের কোন সদস্য সরকারি চাকুরী হইতে অবসর গ্রহণের পর, তাঁহার আবেদনক্রমে কার্যনির্বাহী পরিষদের অনুমোদন সাপেক্ষে তাঁহাকে সম্মানিক সদস্যপদ প্রদান করা যাইবে। সম্মানিক সদস্যের কোন বাৎসরিক চাঁদা প্রদান করিতে হইবে না এবং তাঁহার কোন ভোটাধিকার থাকিবে না।

৩। সদস্যপদের জন্য আবেদনের সাধারণ নিয়মঃ

ক) সকল প্রকার সদস্যপদের জন্য কার্যনির্বাহী পরিষদের মহাসচিবের নিকট নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।
খ) সদস্যপদের জন্য নিয়োগপত্রের সত্যায়িত কপি সংযোজন করিতে হইবে।
গ) সম্মানিক সদস্যপদের জন্য অবসর গ্রহণের প্রয়োজনীয় সনদ সংযোজন করিতে হইবে।
ঘ) সদস্যপদের জন্য বর্তমানে চাকুরীর কর্মস্থল (সংস্থা) প্রধানের নিকট হইতে কাজের অভিজ্ঞতার সনদপত্র সংযোজন করিতে হইবে।

৪। সদস্যদের বিভিন্ন চাঁদার হারঃ

ক) রেজিস্ট্রেশন ফি (এককালীন) ১০০.০০ টাকা।
খ) সদস্যদের চাঁদা (প্রতি বৎসর) ২০০.০০ টাকা।
গ) সনদপত্র ফি (এককালীন) ২০০.০০ টাকা।
ঘ) পরিচিতি পত্র ফি (এককালীন) ৫০.০০ টাকা।
ঙ) সাময়িক সনদপত্র ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ৫০.০০ টাকা।
চ) আজীবন সদস্য ৩০০০.০০ টাকা।